গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪- ২৪ তারিখ: ০৪/০৩/২০২৫

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসুচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি উপজেলাস্থ সাজেক এলাকায় সাম্প্রতিক অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ স্থানীয় পরিবারের (লুসাই, পাংখোয়া, ত্রিপুরা) বসতবাড়ি নির্মাণসহ সার্বিক উন্নয়নের জন্য বিশেষ প্রকল্প কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে খাদ্যশস্য বরাদ্দ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলার অনুকূলে ৯০ (নব্বই) মে.টন চাল ছকে উল্লেখিত বরাদ্দ বিতরণের সরকারি মঞ্জুরি আদেশ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

ক্র.নং	বরাদ্দ প্রদান সংস্থার নাম ও ঠিকানা	ক্যাটাগরি	ক্ষতিগ্রস্থের সংখ্যা	বরাদ্দের পরিমাণ (চাল)	মন্তব্য
০১	উপজেলা নির্বাহী অফিসার, বাঘাইছড়ি,রাঙ্গামাটি পার্বত্য জেলা	স্থানীয় পরিবার এর বসতবাড়ি ক্ষতিগ্রস্থ (লুসাই, পাংখোয়া, ত্রিপুরা)	৪৫ পরিবার	৯০ মে.টন	প্রতিটি স্থানীয় পরিবারকে ০২ (দুই) মে.টন (চাল) বিতরণ করতে হবে।

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৩০/০৬/২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকমূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে নির্বাহ করা হবে।

শর্তসমূহঃ

১. বরাদ্দকৃত টিআর খাদ্যশস্য (চাল) স্থানীয় গুদাম হতে জরুরিভিত্তিতে উত্তোলন করতে হবে।
২. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) রাঙ্গামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি উপজেলাস্থ সাজেক এলাকায় সাম্প্রতিক অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ স্থানীয় পরিবারের (লুসাই, পাংখোয়া, ত্রিপুরা) বসতবাড়ি নির্মাণসহ সার্বিক উন্নয়নের জন্য বিতরণের পরবর্তী অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
৩. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে ৩০১ নম্বর স্মারকে জারিকৃত নীতিমালার শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য কঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।
৪. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য দালিলিক প্রমাণকসহ যথোপযুক্তভাবে মাষ্টার রোল সংরক্ষণ করতে হবে এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

স্বা:/-
(মুন্না রাণী বিশ্বাস)
উপসচিব
ফোন-০২-৫৫১০০১৩৫

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪- ২৪ তারিখ: ০৪/০৩/২০২৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
৭. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়(মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

চলমান পাতা-০২

৮. সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, সেগুন বাগিচা, হিসাব ভবন, ঢাকা।

১০. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

১১. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৪/০৩/২০২৫

(মুন্না রাণী বিশ্বাস)
উপসচিব